গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: স্থানীয় সরকার বিভাগের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মেজবাহ উদ্দিন<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার<br>স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | অনলাইন প্ল্যাটফর্ম (জুম) |
| তারিখ ও সময় | : | ২৮ জুলাই ২০২১, বুধবার, বেলা ১১:০০ টায় |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভাকে অবহিত করেন। তিনি বলেন গত ১৫ জুন ২০২১ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী (১) নতুন উদ্ভাবনী ধারণা (২) সেবা সহজীকরণ ও (৩) সেবা ডিজিটাইজেশন এর লক্ষ্যে প্রতিক্ষেত্রে নূন্যতম একটি সেবার নাম প্রেরণের জন্য এ বিভাগের সকল শাখায় পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সেবাসমূহের তথ্য পাওয়া যায়:

| কার্যক্রমসমূহ | কর্মসম্পাদন সূচক |
|---|---|
| ১.১ উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ১) করোনাকালীন উন্নয়ন প্রকল্প হোয়াটস এ্যাপ/ম্যাসেঞ্জারের মাধ্যমে ভার্চুয়ালি পরিদর্শন।<br>২) সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের তথ্য অনলাইন মনিটরিং সিস্টেম বাস্তবায়ন। |
| ১.২ সেবা সহজীকরণ | ১) ডিএলজি/ ডিডিএলজি কার্যালয়ে বরাদ্দ সম্পর্কিত সমস্যা অনলাইনে তাৎক্ষণিক সমাধান।<br>২) ১০-২০তম গ্রেডের কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর প্রক্রিয়ায় সহজীকরণ। |
| ১.৩ সেবা ডিজিটাইজেশন | ১) তথ্য অধিকার আইন মোতাবেক চাহিত তথ্য আবেদনকারীর অনুকূলে ই-মেইলে সরবরাহ<br>২) হাট বাজারের বিভিন্ন তথ্য অনলাইন সিস্টেমে হালনাগাদকরণের মাধ্যমে মন্ত্রণালয়ের প্রশাসনিক নির্দেশনা প্রদান সেবা ডিজিটাইজেশন। |

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে উপরিউক্ত প্রতিটি কার্যক্রমের ক্ষেত্রে ন্যূনতম একটি কার্যক্রম নির্ধারণের জন্য তিনি সভায় অনুরোধ করেন।

উদ্ভাবনী ধারণার ক্ষেত্রে প্রথম কর্মসম্পাদন সূচক অর্থাৎ করোনাকালীন উন্নয়ন প্রকল্প হোয়াটস এ্যাপ/ম্যাসেঞ্জারের মাধ্যমে ভার্চুয়ালি পরিদর্শন এর পরবর্তে দ্বিতীয় কর্মসম্পাদন সূচক অর্থাৎ সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের তথ্য অনলাইন মনিটরিং সিস্টেম বাস্তবায়ন অধিক গ্রহণযোগ্য মর্মে যুগ্মসচিব জনাব এমদাদুল হক চৌধুরী ও উপসচিব জনাব এ কে এম মিজানুর রহমান অভিমত ব্যক্ত করেন।

দ্বিতীয় কর্মসম্পাদন সূচকের বিষয়ে উপসচিব জনাব নুমেরী জামান বলেন যে, সিটি কর্পোরেশনের আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এবং উন্নয়ন তহবিল বিভাজনের ক্ষেত্রে সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের তথ্য জানা খুব প্রয়োজন। একটি সফটওয়্যারের মাধ্যমে এই কার্যক্রম সম্পাদনের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.১ কার্যক্রম হিসেবে বর্ণিত উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা সম্ভব মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। সভাপতি বলেন সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের তথ্য জানা খুব প্রয়োজন। বিভিন্ন খাতভিত্তিক আয়ের তথ্য জানা থাকলে এগুলো বৃদ্ধির লক্ষ্যে দিক নির্দেশনার প্রদান করা মন্ত্রণালয়ের পক্ষে সহজতর হবে। এ অভিমতের সাথে অন্যান্য সদস্যগণও একমত পোষণ করেন।

সেবাসহজীকরণ কার্যক্রমের ক্ষেত্রে উপস্থাপিত দ্বিতীয় কর্মসম্পাদন সূচক অর্থাৎ ১০-২০তম গ্রেডের কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর প্রক্রিয়া সহজীকরণ কর্মসম্পাদন সূচকটি অধিক কার্যকর ও গ্রহণযোগ্য হবে মর্মে যুগ্মসচিব জনাব স্মৃতি কর্মকার অভিমত ব্যক্ত করেন। উক্ত কার্যক্রমের বিষয়ে উপসচিব জনাব এ কে এম মিজানুর রহমান বলেন যে, ১০-২০তম গ্রেডের কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি অনুমোদনের ধাপ হ্রাস করে সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হবে। এতে সেবাপ্রাপ্তি সহজ হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীগণ উপকৃত হবে। এ অভিমতের সাথে অন্যান্য সদস্যগণও একমত পোষণ করেন।

চলমান পাতা-

সেবা ডিজিটাইজেশনের ক্ষেত্রে হাটবাজারের তথ্য অনলাইন সিস্টেমে হালনাগাদকরণের কার্যসম্পাদন সূচকটি অধিকতর গ্রহণযোগ্য হবে মর্মে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে প্রশাসন-২ শাখার উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম বলেন দেশের হাটবাজারের বিষয়ে এ বিভাগ হতে বিভিন্ন প্রশাসনিক দিক নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে হাট বাজার সমূহের কোন ডাটাবেজ নেই। ফলে দেশে কতটি হাটবাজার আছে, কতটি ইজারা হয়েছে, ইজারামূল্য কত, কতটি হাটবাজার ইজারা হয়নি এবং এর কারণ ইত্যাদি তথ্য জানা সম্ভব নয়। ক্ষেত্রবিশেষে হাট বাজারের বিষয়ে কোন সিদ্ধান্ত প্রদানের লক্ষ্যে বর্ণিত তথ্য জানার জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরের সাথে পত্রালাপ প্রয়োজন হয়। ফলে সিদ্ধান্ত প্রদানে কালক্ষেপণ হয়। হাটবাজার বিষয়ে মন্ত্রণালয়ের বিভিন্ন প্রশাসনিক নির্দেশনা প্রদান প্রক্রিয়াটি দ্রুত ও সহজতরকরণের লক্ষ্যে হাট বাজারের অনলাইন ডাটাবেজ সিস্টেম ডেভোলপের উদ্যোগ নেয়া হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন হাট বাজার ইজারা প্রদান কার্যক্রমে মাঠ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে অনেক সময় বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়, বিশেষ করে ইজারা মূল্য আদায়ের ক্ষেত্রে। এছাড়া অসাধু চক্রের যোগসাজসের কারণে অনেক সময় সঠিক ইজারামূল্য পাওয়া যায় না। হাট বাজারের তথ্য মন্ত্রণালয় হতে নিয়মিত মনিটরিং করা হলে প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সহজ হবে। এছাড়া দেশের কতটি হাটবাজার ইজারা হয়েছে, কতটি ইজারা হয়নি, ইজারা না হওয়ার কারণ, ইজারামূল্য কত ইত্যাদি তথ্য সহজেই জানা যাবে। এ বিষয়ে যুগ্মসচিব জনাব এমদাদুল হক চৌধুরী বলেন হাটবাজার সংক্রান্ত তথ্য ভান্ডারটি সম্পন্ন করা গেলে সিদ্ধান্ত প্রদানে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সফটওয়্যারে হাটবাজারের কি কি তথ্য আপলোড করতে হবে তা নির্ধারণের জন্য তিনি একটি উপকমিটি গঠনের প্রস্তাব করেন। উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম বলেন, মাঠ পর্যায়ে বর্তমানে কর্মরত একজন কর্মকর্তাকে প্রস্তাবিত উপকমিটিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

বর্ণিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**গৃহিত সিদ্ধান্ত:**

- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.১ কার্যক্রম হিসেবে সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের তথ্য অনলাইন মনিটরিং সিস্টেম ডেভোলপের উদ্যোগটি কর্মসম্পাদন সূচক হিসেবে নির্ধারিত সময়ের মধ্যে সিটি কর্পোরেশন-২ শাখার মাধ্যমে বাস্তবায়ন করা হবে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.২ কার্যক্রম হিসেবে ১০-২০তম গ্রেডের কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর প্রক্রিয়া সহজীকরণ উদ্যোগটি কর্মসম্পাদন সূচক হিসেবে নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসন-১ শাখার মাধ্যমে বাস্তবায়ন করা হবে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.৩ কার্যক্রম হিসেবে হাট বাজারের বিভিন্ন তথ্য অনলাইন সিস্টেমে হালনাগাদকরণের মাধ্যমে মন্ত্রণালয়ের প্রশাসনিক নির্দেশনা প্রদান প্রক্রিয়া ডিজিটাইজেশন উদ্যোগটি কর্মসম্পাদন সূচক হিসেবে নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসন-২ শাখার মাধ্যমে বাস্তবায়ন করা হবে এবং সফটওয়্যারে হাটবাজারের কি কি তথ্য আপলোড করতে হবে তা আগামী ৩১ আগস্টের মধ্যে নির্ধারণের জন্য নিম্নরূপ উপকমিটি গঠন করা হল:

| | |
|---|---|
| জনাব নুমেরী জামান, উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| জনাব এ কে এম মিজানুর রহমান, উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| জনাব মোঃ গোলাম রাব্বী পিএএ, উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর | সদস্য |
| জনাব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ইঞ্জিঃ নিমাই কবিরাজ, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |

- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর (১) নতুন উদ্ভাবনী ধারণা (২) সেবা সহজীকরণ ও (৩) সেবা ডিজিটাইজেশন কার্যক্রমের আওতায় সিদ্ধান্তকৃত কর্মসম্পাদন সূচকসমূহের ধারণাপত্র সংশ্লিষ্ট শাখা হতে আগামী ১৫ দিনের মধ্যে ইনোভেশন টিমের সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭.৮.২০২১

(মেজবাহ উদ্দিন)
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও
চিফ ইনোভেশন অফিসার
স্থানীয় সরকার বিভাগ

চলমান পাতা-

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৪.০৪৬.২০২১. ৪৭৮;

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ / ০১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন/পলিসি সাপোর্ট/পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব মোঃ গোলাম রাব্বী পিএএ, উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
৪. উপসচিব (সিটি কর্পোরেশন-১/প্রশাসন-১, ২/উপজেলা-১/উন্নয়ন-২/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১/৮/২১

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd